

## বৈদেশিক মুদা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)/১১৫/২০১৫-১৫

২৬ শ্রাবণ, ১৪২২

তারিখ : -----

১০ আগস্ট, ২০১৫

বৈদেশিক মুদায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

### কীটনাশক (কৃষি ও জনস্বাস্থ্যে ব্যবহার্য) আমদানীর জন্য নিবন্ধন ও আমদানি লাইসেন্স ব্যতিরেকে ঋণপত্র খোলা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আমদানি নীতি আদেশ, ২০১২-১৫ এর ২৬(১৪) অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। আলোচ্য অনুচ্ছেদের নির্দেশ অনুযায়ী কীটনাশক ও বালাইনাশক আমদানির জন্য ঋণপত্র ইস্যুর পূর্বে কীটনাশক অধ্যাদেশ, ১৯৭১ এর অধীনে প্রণীত কীটনাশক বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী আমদানিকারকের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রয়োজনীয় প্রোডাক্ট রেজিস্ট্রেশন সনদ ও আমদানি লাইসেন্স যথাযথ আছে মর্মে নিশ্চিত হয়ে এতদসংক্রান্ত নথি যথাযথভাবে সংরক্ষণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হল।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০